

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৬

আগরতলা, ১১ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪
মোহনপুর মহকুমায় স্ট্রং রুম পরিদর্শনে সাধারণ পর্যবেক্ষক



১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের সাধারণ পর্যবেক্ষক বিবেক এল ভিমানওয়ার আজ মোহনপুর মহকুমার মোহনপুর সরকারি ডিগ্রি কলেজে স্ট্রং রুম ও ভোটসামগ্রী বিতরণ কেন্দ্র পরিদর্শন করেন। এর আগে সাধারণ পর্যবেক্ষক বিবেক এল ভিমানওয়ার মোহনপুর মহকুমার মহকুমা শাসক কার্যালয়ে ১-সিমনা (এসটি), ২-মোহনপুর ও ৩-বামুটিয়া (এসসি) বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের এআরওদের সাথে এক বৈঠকে মিলিত হন। বৈঠকে সাধারণ পর্যবেক্ষক মহকুমার সমস্ত ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে পর্যাপ্ত আলোর সুবন্দোবস্ত রাখার নির্দেশ দেন।
